

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৪৯.২৪.২০৭

বিষয়: গ্রীন কেনিয়ন লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৮ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান।

সূত্র: আবেদনপত্র নং- ৯১১, তারিখ: ২২/০৯/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গ্রীন কেনিয়ন লিমিটেড, অফিসঃ হাউজ নং-০২, রোড নং-০৪, সেক্টর-১১, উত্তরা, ঢাকা ও কারখানাঃ বেলমা, আশুলিয়া, সাভার, ঢাকা নামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন নং- বস্ত্র/এমআই/আরএমজি/এল০০০১৫৫-২৪, তারিখঃ ২৩/০৪/২০২৪ খ্রিঃ ও শিল্প উপ-খাতঃ “টেক্সটাইল নিটিং এবং নীট ও ওভেন গার্মেন্টস”। প্রতিষ্ঠানটির শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৪৫৭৭২৪ জারী করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ১ম এডহক শিল্প আইআরসি এর সুবিধার বিপরীতে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করতে না পারায় বস্ত্র অধিদপ্তরে ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশের জন্য আবেদন জানিয়েছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষার পর বস্ত্র শিল্প কারখানাটির অনুকূলে আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ৮ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এর বিধি বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গ্রীন কেনিয়ন লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে ৮ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ করা হলো।

উল্লেখ্য যে, অত্র সুপারিশপত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ'কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

০৯-১০-২০২৫

মোঃ সাইফুর রহমান

উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

২৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ০৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৪৯.২৪.২০৭/১ (৫)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
- ২। কমিশনার, কাস্টম বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, গ্রীন কেনিয়ন লিমিটেড, অফিসঃ হাউজ নং-০২, রোড নং-০৪, সেক্টর-১১, উত্তরা, ঢাকা ও কারখানাঃ বেলমা, আশুলিয়া, সাভার, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



১২-১০-২০২৫

কামরুল আলম

সহকারী পরিচালক (কারিগরি)।